

উচ্চশিক্ষা

মেডিকেল ভর্তি পরীক্ষায় অংশ নিলেন ১ লাখ ৩৫ হাজার শিক্ষার্থী

বাসস ঢাকা

প্রকাশ: ১৮ জানুয়ারি ২০২৫, ০০: ১৯



এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষায় অংশ নিতে কেন্দ্রে চুক্তেন শিক্ষার্থীরা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন কেন্দ্র, ১৭
জানুয়ারি ছবি: দীপু মালাকার

দেশের মেডিকেল কলেজগুলোতে এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষা শুরুবার অনুষ্ঠিত হয়েছে। রাজধানী ঢাকাসহ
দেশের ১৯টি কেন্দ্রের ৫৩টি ভেন্যুতে সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত এই ভর্তি পরীক্ষা হয়।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর সূত্র জানায়, পরীক্ষায় ১ লাখ ৩৫ হাজার ৬৬৫ শিক্ষার্থী অংশগ্রহণ করেছেন। স্বাস্থ্য ও
পরিবারকল্যাণ উপদেষ্টা নূরজাহান বেগম সকালে ঢাকা রেসিডেন্সিয়াল কলেজ কেন্দ্রে ভর্তি পরীক্ষা পরিদর্শন
করেন। পরিদর্শন শেষে তিনি সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।

স্বাস্থ্য উপদেষ্টা বলেন, দেশের মেডিকেল কলেজগুলোর মানোন্নয়ন না হলে ভালো চিকিৎসক তৈরি করা সম্ভব নয়। এ জন্য চিকিৎসাবিজ্ঞানের এই শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আসনসংখ্যা না বাড়িয়ে শিক্ষার মান বাড়াতে অন্তর্ভুক্ত সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে। প্রসঙ্গত, দেশের সরকারি ৩৭টি মেডিকেল কলেজে আসনসংখ্যা ৫ হাজার ৩৮০।

স্বাস্থ্য উপদেষ্টা বলেন, বেসরকারি ৬৭টি মেডিকেল কলেজে ৬ হাজার ২৯৩টি আসন রয়েছে। মেধানুসারে সরকারি মেডিকেল কলেজে ভর্তির পর বেসরকারি মেডিকেল কলেজগুলোতে ভর্তির জন্য মেধার ক্রমানুসারে ডাকা হয়।

